<u>পরীক্ষার মাধ্যম</u> :

৪। বাংলা/ ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে । কোন শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে নিম্নের ছক অনুযায়ী এক কপি তালিকা উপ পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) এর নিকট হাতে হাতে ৩০/১০/২০২৩ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভার্সন পরীক্ষা গ্রহণ সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোন অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

ছক

| শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা | শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা | শাখা | বিষয় ও কোড | শিক্ষার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |
| | | | | | | | | |

৫। (ক) <u>ফি এর হার</u> :

| পরীক্ষার্থীর ধরন (১) | পরীক্ষার ফি (পত্র প্রতি) (২) | ব্যবহারিক পরীক্ষার ফি (পত্র প্রতি) (৩) | একাডেমিক ট্রান্সক্রিপ্ট ফি (পরীক্ষার্থী প্রতি) (৪) | মূল সনদ ফি (পরীক্ষার্থী প্রতি) (৫) | অনিয়মিত ফি (পরীক্ষার্থী প্রতি) (৬) | অনুমতি ও তালিকা ভুক্তি ফি (পরীক্ষার্থী প্রতি) (৭) | বয় স্কাউট/ গার্লস গাইড ফি (পরীক্ষার্থী প্রতি) (৮) | জাতীয় শিক্ষা সপ্তাহ ফি (পরীক্ষার্থী প্রতি) (৯) | রেজি: নবায়ন ফি (২০১৯-২০২০ সালের রেজিধারী শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য) (১০) | বার্ষিক ক্রীড়া এফিলিয়েশন ফি( শিক্ষা প্রতিষ্ঠান প্রতি) (১১) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| নিয়মিত পরীক্ষার্থী | ১১০.০০ | ৩০.০০ | ৩৫.০০ | ১০০.০০ | × | × | ১৫.০০ | ৫.০০ | ২০০.০০ | ৩০০.০০ |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি | ১১০.০০ | ৩০.০০ | ৩৫.০০ | ১০০.০০ | ১০০.০০ | × | ১৫.০০ | ৫.০০ | | |
| অনিয়মিত পরীক্ষার্থী যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেছে | ১১০.০০ | ৩০.০০ | ৩৫.০০ | × | ১০০.০০ | × | ১৫.০০ | ৫.০০ | | |
| জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী | ১১০.০০ | ৩০.০০ | ৩৫.০০ | ১০০.০০ | × | ১০০.০০ | ১৫.০০ | ৫.০০ | | |

(খ) <u>কেন্দ্র ফি (কেন্দ্রে জমা দিতে হবে)</u> :

(১) ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীসহ সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা নেই পরীক্ষার্থী প্রতি ৪০০.০০ (চারশত) টাকা।

(২) ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীসহ সকল প্রকার পরীক্ষার্থী যাদের ব্যবহারিক পরীক্ষা আছে পরীক্ষার্থী প্রতি ৪৫০.০০ (চারশত পঞ্চাশ) টাকা ।

(৩) এসএসসি পরীক্ষার ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি (অভ্যন্তরীণ ও বহিরাগত পরীক্ষকদের জন্য) পত্র প্রতি ১০/- (দশ) টাকা।

ব্যবহারিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন ও আনুষঙ্গিক কর্মসম্পাদনের পর পরই কেন্দ্র সচিব ব্যবহারিক উত্তরপত্র মূল্যায়ন ফি বাবদ আদায়কৃত অর্থ হতে অভ্যন্তরীণ পরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/- (পাঁচ) টাকা এবং বহিঃপরীক্ষককে উত্তরপত্র প্রতি ০৫/- (পাঁচ) টাকা হারে সম্মানী/পারিশ্রমিক পরিশোধ করবেন। উল্লেখ্য, এ বিষয়ে বোর্ড টিএ/ডিএ বা উত্তরপত্র মূল্যায়ন বাবদ কোন প্রকার সম্মানী প্রদান করবে না। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের ব্যবহারিক পরীক্ষা স্ব স্ব প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে, এ ক্ষেত্রে ব্যবহারিক ফি ২৫ টাকা হবে, যার বিভাজন কেন্দ্র ০৭/- (সাত) টাকা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের সংশ্লিষ্ট শিক্ষক/পরীক্ষক ১০/- (দশ) টাকা এবং প্রতিষ্ঠান ০৮ টাকা হবে।